দৈনিক ইত্তেফাক

তারিখ ... ১৭.৯.৯১ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৩ ...

১২৮

# আজ মহান শিক্ষা দিবস

( ইত্তেফাক রিপোর্ট )

আজ (মঙ্গলবার) ১৭ই সেপ্টেম্বর মহান শিক্ষা দিবস। ৬২-র এইদিনে তদানীন্তন পাকিস্তানী শাসক গোষ্ঠীর শিক্ষা

(৭ম পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## শিক্ষা দিবস

( ১ম পৃঃ পর )

সংকোচন নীতির বিরুদ্ধে লড়াই করিতে গিয়া বাবুল, ওয়াজিউল্লাহ, মোস্তফা প্রমুখ জীবন উৎসর্গ করে। শিক্ষা দিবস উপলক্ষে বিভিন্ন ছাত্র সংগঠন বিস্তারিত কর্মসূচী গ্রহণ করিয়াছে। সমাজতান্ত্রিক ছাত্র-ফ্রন্ট কেন্দ্রীয় কমিটির উদ্যোগে আজ (মঙ্গলবার) সকাল ১০টায় ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস হইতে মিছিল এবং শিক্ষা মন্ত্রণালয়ে স্মারকলিপি পেশ করা হইবে। বাংলাদেশ ছাত্র ইউনিয়নের উদ্যোগে আজ সকাল ১০টায় ঢাকা বিশ্ববিদ্যালয় চত্বরে জমায়েত ও মিছিল অনুষ্ঠিত হইবে। বাংলাদেশ ছাত্রলীগ (আ-অ) আজ সকাল ১০টায় ক্যাম্পাসে মিছিল ও সমাবেশের আয়োজন করিয়াছে। সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট সকাল ১০টায় মধুর কেন্টিনের সম্মুখে সমাবেশ করিবে। ছাত্রলীগের (না-শ) উদ্যোগে সকাল ১০টায় মধুর কেন্টিনে সমাবেশ ও মিছিল হইবে।

উপরোক্ত কর্মসূচী ছাড়াও উক্ত সংগঠনসমূহের সভাপতি ও সাধারণ সম্পাদক পৃথক পৃথক বিবৃতিতে যথাযথ মর্যাদায় দিবসটি পালনের আহ্বান জানান।